# ইসলামিক ফাউন্ডেশন

{ প্রতিষ্ঠাতা ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান}

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং-১৬.০১.০০০০.০০১.২৪.০০৭.৯৩(ভলি-১২)- ৫৪১ তারিখ ঃ ২৮/০৮/২০১৬ইং

## পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন-এর রাজস্ব খাতভুক্ত বিভিন্ন পদে নিয়োগের জন্য বিগত ০৭/০৫/২০১৫ ইং তারিখে 'দৈনিক কালের কণ্ঠ' ও 'আমাদের সময়' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির ১২ নং শর্ত অনুযায়ী পেশ ইমাম পদের সকল আবেদন বাতিল করা হয়েছে। মহামান্য হাইকোর্টের নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে সংযুক্ত ফরমে পেশ ইমাম পদের জন্য পুন:দরখাস্ত আহবান করা যাচ্ছে। এই পদের জন্য পূর্বের আবেদনকারীগণ অত্র বিজ্ঞপ্তির প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, বেতন স্কেল এবং অভিজ্ঞতায় আগ্রহী হলে নতুন করে পুন:আবেদন করতে পারবেন।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | বেতন স্কেল (২০১৫) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | পেশ ইমাম | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | (ক) কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসাবে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সহ ২য় শ্রেণীর কামিল ডিগ্রী অথবা দাওরায়ে হাদীস পাশ।<br>(খ) হাফিজ-ই-কুরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত।<br>(গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণা ধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে। |

শর্তাবলী ঃ

১. আবেদনকারীকে নিম্নেবর্ণিত নির্ধারিত ফরমে ২৬/০৯/২০১৬ ইং তারিখের মধ্যে আবেদন করতে হবে।

২. দরখাস্তের সাথে (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের কপি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র (ঘ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

৩. নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পোষ্য, উপজাতি, জেলা কোটাসহ অন্যান্য কোটা সংক্রান্ত সরকারী সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোন নির্ধারিত কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে এবং বর্ণিত কোটার স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র/সনদপত্র দাখিল করতে হবে।

৪. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে জনপ্রশাসন (সংস্থাপন) মন্ত্রণালয়ের ৩১/১২/৯৭ ইং তারিখের সম (বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)/৩১১ (৫০০) নং পরিপত্র অনুযায়ী আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা, মাতা/পিতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট (সরকারী নির্দেশ অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)-এর সত্যায়িত কপি, প্রার্থী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে তার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৫. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯-০৫-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪. ২০১১-১৮১ নং পরিপত্র অনুযায়ী পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা(প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে। প্রার্থী মুক্তি যোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. কোন প্রার্থী উপজাতীয়/তফসিল সম্প্রদায়ভূক্ত হলে সংশ্লিষ্ট জেলার উপজেলাধীন ইউনিয়নের চেয়ারম্যান ও পৌরসভার চেয়ারম্যান কর্তৃক গৃহীত সদনপত্র/প্রশাসকের নিকট থেকে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭. প্রার্থীর বয়স ২৬/০৯/২০১৬ ইং তারিখে পদের পার্শ্বে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৮. সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২৬/০৯/২০১৬ ইং তারিখের মধ্যে আবেদন করতে হবে।

৯. উপযুক্ত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত বর্তমান ঠিকানায় পত্রের মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

১০. আবেদন পত্রের সাথে **"ইসলামিক ফাউন্ডেশন"** শিরোনামে সোনালী ব্যাংক, বায়তুল মোকাররম শাখা, ঢাকার উপর যেকোন স্থানের সোনালী ব্যাংক হতে ৩০০ (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এম.আই.সি.আর (অফেরতযোগ্য) জমা দিতে হবে। পোষ্টাল অর্ডার গ্রহণ যোগ্য নয়।

১১. অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. সাক্ষাৎকার গ্রহণের সময় প্রার্থীদেরকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৩. উপরোক্ত শর্তাধীনে আগ্রহী প্রার্থীগণকে মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে আবেদনপত্র আগামী ২৬/০৯/২০১৬ ইং তারিখের মধ্যে পৌছাতে হবে।

১৪. খামের উপর আবেদনকারীর পূর্ণ ঠিকানা (নিজ জেলাসহ) স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১৫. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মহাপরিচালকের অনুমোদনক্রমে-

২৩/৮/১৬

সচিব

ইসলামিক ফাউন্ডেশন

# চাকরির আবেদন ফরম

| পাসপোর্ট সাইজ ছবি সম্প্রতি তোলা, ৩ (তিন) কপি |
|---|

বরাবর,
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

| | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | | | | | | | | তারিখ : | | | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায় : | | | | | | | | | | | | | | | | | | | |
| | | ইংরেজিতে(বড়অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর : | | | | | | | | | | | | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. | জন্মস্থান (জেলা): | | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | | | বছর | | | | | | মাস | | | | | দিন | | | | | |
| ৮. | মাতার নাম : | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম : | | | | | | | | | | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোষ্টকোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১. | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল ( যদি থাকে ) |
| ১২. | জাতীয়তা : | | ১৩. জেন্ডার / বিবাহিত/অবিবাহিত |
| ১৪. | ধর্ম : | | ১৫. পেশা : |

১৬. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা ( যদি থাকে) : | | | | | | | | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | | | | | | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | | | | | | | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য ( উল্লেখ করুন) : | | | | | | | | | |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর : | | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | |
| | ব্যাংক ও শাখার নাম : | | | | | | | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) | | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

প্রার্থীর স্বাক্ষর

| তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|